



রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় আয়োজিত 'ঢাকার নদীগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য পলিসি ডায়ালগ: টেকসই ব্যবস্থাপনার জন্য নীতিগত বিকল্প' শীর্ষক সেমিনারে সোমবার বক্তব্য রাখেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান



ঢাকার নদীগুলো রক্ষা করতে হবে

—পরিবেশ উপদেষ্টা

■ যাবাদি ডেস্ক

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানিসম্পদ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, ঢাকার চারপাশের নদীগুলো ব্যাপকভাবে দূষিত হচ্ছে। নদী দূষণের ফলে পরিবেশের ভারসাম্য নষ্ট ও জীববৈচিত্র্য হারিয়ে যাচ্ছে। সবার সম্মিলিত প্রচেষ্টায় ঢাকার নদীগুলো রক্ষা করতে হবে।

সোমবার রাজধানীর নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় আয়োজিত 'ঢাকার নদীগুলোকে পুনরুজ্জীবিত করার জন্য পলিসি ডায়ালগ: টেকসই ব্যবস্থাপনার জন্য নীতিগত বিকল্প' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন উপদেষ্টা। সৈয়দা রিজওয়ানা হাসান বলেন, নদী গবেষণা

● পৃষ্ঠা ১১ কলাম ৫

ইস্টিটিউট ঢাকার ৪টিসহ পুরো দেশের নদীগুলোর তালিকা করছে যাতে দ্রুত সময়ে বর্জ্য অপসারণ করা যায়। ঢাকার ৫টি বৃষ্টিপাত, শীতলক্ষ্যা, বাবু, তুরাগ, ধলেশ্বরী এবং ৮টি বিভাগের ৮টি নদী নিয়ে প্রকল্প নেয়া হচ্ছে। এসব নদী থেকে বর্জ্য অপসারণ ও ড্রেজিং করে নদীর নাব্য কিরিয়ে আনা হবে।

তিনি বলেন, আমরা চেষ্টা করছি কাজটা শুরু করে দিয়ে যেতে। রাজনৈতিক সদিচ্ছা, প্রশাসনিক সহযোগিতা এবং জনগণ এগিয়ে এলে নদী বাচানো অসম্ভব নয়। সঠিক বর্জ্য ব্যবস্থাপনার অংশ হিসেবে ছোট ছোট পয়নিষ্কাশন স্থাপন করতে হবে।

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় উপাচার্য প্রফেসর আব্দুল হান্নান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের প্রশাসক মোহাম্মদ এজাজ।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন নর্থ সাউথ বিশ্ববিদ্যালয় প্রফেসর ড. আবদুস সামাদ।

বক্তব্য রাখেন প্রফেসর মো. জাকারিয়া, জলবায়ু পরিবর্তন ও দূষণ ব্যবস্থাপনা বিভাগ, ড. অনুপম হোসেন, পাবলিক হেলথ স্পেশালিস্ট প্রফেসর মো. জুলফিকার অঙ্গী।